

ভুল

-কামরুন নাহার

alorkona@yahoo.com

ভেবেছিলাম, মানুষের ভিড়ে
নানা ছদ্মবেশে ঘুরে বেড়ায় আলোর দিশারী দেবতার।
পুরুষের ভেতরে বহুরূপে দানব দেখেছি বহুবার
দেখিনি প্রেমের অবতার।

রোজ রাতে মেঘমুক্ত আকাশে
এক ঝাঁক সোনালি স্বপ্নের উজ্জ্বল নক্ষত্র উঠত ভেসে
ভেবেছিলাম হাত বাড়ালেই ধরা দেবে নক্ষত্রের ফুল
সেও ছিল অসাধারণ ভুল।

ভোরের লাল সূর্যের দিকে স্থির দৃষ্টি রেখে, ফেলে দীর্ঘশ্বাস,
ভেবেছি, এই সূর্যের মতোই সত্য আমার প্রেম, বিশ্বাস,
কোনো এক হিম হিম সকালে নীল জ্যাকেটে শরীর মুড়ে,
নিঃশ্বাসের গরম ধোঁয়া বাতাসে আলোড়ন তুলে ছেড়ে,
বন্ধ দরজার সামনে এসে অধীর আগ্রহে দাঁড়িয়ে
কাঁপা কাঁপা দ্রুত হাতে কড়া নাড়বে তুমি,
ঘুম জড়ানো দুচোখে, ধড়ফড় করা বুকে
দরজা খুলেই বিস্মিত বাকরুদ্ধ বলব আমি,
তুমি?শেষ পর্যন্ত তুমি?
সেও ভুল ভেবেছিলাম।

ভুল ভেবে ভেবেই কেটে গেলো কত জানুয়ারি থেকে ডিসেম্বর
জীবনের কত নষ্ট ফাল্গুন, ব্রহ্মচারী বত্রিশটি বছর।

* কামরুন নাহার বাংলাদেশের রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত
'ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ' (আইবিএস)-এ 'রাজনৈতিক
সহিংসতা' বিষয়ে গবেষণায় রত।